

বাংলা নববর্ষ ১৪২৩ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : বেগম আকতারী মমতাজ  
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
তারিখ ও সময় : ২৪ মার্চ ২০১৬, বিকাল ৩.০০টা  
সভার স্থান : বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার সেমিনার হল  
সভায় উপস্থিত কর্মকর্তা ও সুধীবৃন্দের তালিকা সংযুক্তি- ১ এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ পালন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমান কাল ধরে বাঙালি অধ্যুষিত জনপদে সার্বজনীন ও অসাম্প্রদায়িক এ উৎসবটি পালিত হয়ে আসছে। ধর্ম ও বর্ণ নির্বিশেষে বাংলা নববর্ষের এ পহেলা দিনটি বাঙালি জাতির এক মহা মিলনমেলায় রূপান্তরিত হয়। এ উপলক্ষে বেসরকারিভাবে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠানাদির আয়োজন করা হয়ে থাকে। ১৪১৭ বঙ্গাব্দ থেকে বাংলা নববর্ষ জাতীয়ভাবে উদযাপন করা হয়ে আসছে।

০২। সভাপতি বাংলা নববর্ষ উপলক্ষে খসড়া কর্মসূচি সভায় উপস্থাপনের জন্য উপসচিব (অনুষ্ঠান) জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী'কে অনুরোধ জানান। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব (অনুষ্ঠান) বাংলা নববর্ষ ১৪২৩ উদযাপন উপলক্ষে প্রণীত খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর জাতীয়ভাবে বাংলা নববর্ষ ১৪২৩ উদযাপনের নিমিত্ত নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয়:

ক্রমিক	তারিখ/সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	০১-০১-১৪২৩ ১৪-০৪-২০১৬	মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান	মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় (মহামান্য রাষ্ট্রপতির বাণী ইতঃমধ্যে পাওয়া গেছে)
২।	০১-০১-১৪২৩	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান	মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩।	০১-০১-১৪২৩	বিভিন্ন জাতীয় পত্রিকায় ক্রেডুপত্র প্রকাশ	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলা একাডেমি
৪।	০১-০১-১৪২৩	বিভাগীয়শহর, জেলাশহর (বিভাগীয় সদর ব্যতীত) ও সকল উপজেলায় বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ সম্ভাব্য ক্ষেত্রে আলোচনাসভা ও গ্রামীণ মেলার আয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমী ও সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ
৫।	০১-০১-১৪২৩ থেকে ০৩-০১-১৪২৩	শিল্পকলা একাডেমী কর্তৃক ৩ (তিন) দিনব্যাপী বাংলা নববর্ষের অনুষ্ঠানমালার আয়োজন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমী
৬।	০১-০১-১৪২৩	বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক বাংলা নববর্ষের অনুষ্ঠানমালার আয়োজন।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং শিশু একাডেমী
৭।	০১-০১-১৪২৩	বাংলা একাডেমি ও বিসিক কর্তৃক বাংলা নববর্ষের মেলা, আলোচনাসভা ও অনুষ্ঠানমালার আয়োজন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলা একাডেমি ও বিসিক
৮।	০১-০১-১৪২৩	বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক ফাউন্ডেশন প্রাঙ্গণে ঐতিহ্যবাহী বৈশাখী মেলার আয়োজন।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

ক্রমিক	তারিখ/সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৯।	০১-০১-১৪২৩	সকল কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালী খাবারের ব্যবস্থা গ্রহণ। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী বাঙালি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, কারাবন্দিদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এবং কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদির প্রদর্শনীর ব্যবস্থা করা।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়
১০।	০১-০১-১৪২৩	নববর্ষের অনুষ্ঠান সকল সরকারি/ বেসরকারি টিভি ও রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ। প্রচারমাধ্যমসমূহ কর্তৃক স্ব-উদ্যোগে বাংলা নববর্ষের উপর বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন। প্রয়োজনে এক সপ্তাহ পূর্ব থেকে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার বাংলা নববর্ষের প্রচারণা শুরুর ব্যবস্থা করবে।	তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি টেলিভিশন চ্যানেল ও বেতার (সকল)
১১।	০১-০১-১৪২৩	সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদযাপন।	শিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১২।	০১-০১-১৪২৩	বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ অনুষ্ঠানাদির আয়োজন।	পররাষ্ট্র মন্ত্রণালয়
১৩।	০১-০১-১৪২৩	বাংলা নববর্ষ ১৪২৩ উদযাপনকালে আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ কর্তৃক সারাদেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ঢাকা মেট্রোপলিটন পুলিশ/র্যাব/পুলিশ সুপার (সকল)
১৪।	০১-০১-১৪২৩	সকল জাদুঘর ও প্রত্নস্থান সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা (শিশুকিশোর ও ছাত্রছাত্রীদের বিনা টিকেটে)।	বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
১৫।	০১-০১-১৪২৩	অভিজাত হোটেল ও ক্লাবে বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ অনুষ্ঠানমালা ও ঐতিহ্যবাহী বাঙালি খাবারের আয়োজন।	বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়
১৬।	০১-০১-১৪২৩	ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকরণ।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ঢাকা বিশ্ববিদ্যালয়/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ/ র্যাব
১৭।	০১-০১-১৪২৩	ছায়ানট কর্তৃক রমনা বটমূলে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান গণমাধ্যমে সরাসরি সম্প্রচার।	বাংলাদেশ টেলিভিশন (বেসরকারি চ্যানেলসমূহ বিটিভির মাধ্যমে অনুষ্ঠান সমপ্রচার করবে) বাংলাদেশ বেতার
১৮।	০১-০১-১৪২৩	ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/ একাডেমীসমূহ তাঁদের নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠান আয়োজন।	ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রান্ধামাটি/কক্সবাজার/বান্দরবান/খাগড়াছড়ি, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি/রাজশাহী, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার

ক্রমিক	তারিখ/সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৯।	০১-০১-১৪২৩	ছাত্রছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন।	গণগ্রন্থাগার অধিদপ্তর
২০।	০১-০১-১৪২৩	জেলা-উপজেলা পর্যায়ে গৃহীত বাংলা নববর্ষ, ১৪২৩-এর অনুষ্ঠানসূচি স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করা। আইন-শৃঙ্খলা বাহিনী অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করবে।	সকল জেলা প্রশাসক/ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা/ সকল পুলিশ সুপার
২১।		বাংলা নববর্ষ উদযাপনের জন্য বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অর্থ বরাদ্দ প্রদান।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

০৩। সভায় কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত ছাড়াও নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ক) উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলা নববর্ষ ১৪২৩ যথাযথভাবে উদযাপনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারী করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়।
- খ) বাংলা নববর্ষ ১৪২৩ উপলক্ষে রমনা বটমূলের অনুষ্ঠানসহ ঢাকা শহরে ও দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠেয় সকল অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা ও অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।
- গ) বাংলা নববর্ষ ১৪২৩-এ সোহরাওয়ার্দী উদ্যানের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক ড্রাম্যামান টয়লেট স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।
- ঘ) দেশের সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় বাংলা নববর্ষ ১৪২৩ যথাযথভাবে উদযাপনের নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।
- ঙ) বাংলা নববর্ষ ১৪২৩-এ সোহরাওয়ার্দী উদ্যানের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।

০৪। সভাপতি, বাংলা নববর্ষ ১৪২৩ যথাযথভাবে উদযাপনে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
২৯/০৩/২০১৬  
আকতারী মমতাজ  
সচিব  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৭। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৮। সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৯। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
- ১৪। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৭। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৮। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১৯। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ঢাকা।
- ২০। বিভাগীয় কমিশনার, .....
- ২১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২২। মহাপরিচালক, র্যাব, উত্তরা, ঢাকা।
- ২৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ২৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
- ২৫। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
- ২৬। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৭। নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
- ২৮। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
- ২৯। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৩০। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৩১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা।
- ৩২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৩৩। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩৪। বেগম ফাহিমদা আখতার, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩৫। অধ্যক্ষ, সরকারি সংগীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩৬। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ, বেইলী রোড, ঢাকা।
- ৩৭। ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩৮। চেয়ারম্যান, নাট্যকলা ও সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩৯। সভাপতি, ছায়ানট, ছায়ানট সংস্কৃতি-ভবন, বাড়ী নং-৭২, সড়ক-১৫এ, ধানমন্ডি আ/এ, ঢাকা।
- ৪০। সভাপতি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট, বাসা- মাতৃছায়া, ২০/২, সেন্ট্রাল রোড, হাতিরপুল, ঢাকা।
- ৪১। অধ্যক্ষ ও চেয়ারম্যান, সুরের ধারা, মিতালী এপার্টমেন্ট, ৫/বি, ২/৭, ব্লক-২, লালমাটিয়া, ঢাকা।
- ৪২। সভাপতি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাসা-১২/এফ, এপার্টমেন্ট-ডি/২, রোড-১২৬, গুলশান-১, ঢাকা-১২১২।
- ৪৩। সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বাসা- রোজভিউ প্লাজা, রুম নম্বর-৫০৪, ১৮৫, ড. কুদরত-ই-খোদা সড়ক, ঢাকা।
- ৪৪। সাধারণ সম্পাদক, বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদ, ছাত্র শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪৫। সভাপতি, ঋষিজ শিল্পীগোষ্ঠী, ২৫৯, ব্লক-বি, খিলগাঁও চৌধুরীপাড়া, ঢাকা।
- ৪৬। সভাপতি, বুলবুল ললিতকলা একাডেমী, ৭, ওয়াইজঘাট, ঢাকা।

- ৪৭। জেলা প্রশাসক, .....
- ৪৮। পুলিশ সুপার, .....
- ৪৯। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, নারায়ণগঞ্জ।
- ৫০। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
- ৫১। রেজিষ্ট্রার, কপিরাইট অফিস, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫২। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
- ৫৩। উপসচিব (অনুষ্ঠান)/ উপসচিব (প্রশাসন)/প্রশাসন অধিশাখা-২/ উপসচিব-২/ উপসচিব-৩/ উপসচিব অধিশাখা-৪/  
উপসচিব অধিশাখা-৭/ উপসচিব (বাজেট)/সংস্কৃতি উপদেষ্টা/উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫৪। ভারপ্রাপ্ত পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
- ৫৫। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোণা।
- ৫৬। ভারপ্রাপ্ত পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
- ৫৭। ভারপ্রাপ্ত পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
- ৫৮। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
- ৫৯। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
- ৬০। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার
- ৬১। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্মারক: ৪৩.০০.০০০০.১১১.২৩.১০৩.১৬. (২৭৭)

১৬ চৈত্র ১৪২২

৩০ মার্চ ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
মোঃ ফয়জুর রহমান ফারুকী

উপসচিব (অনুষ্ঠান)

ফোন: ৯৫১৪১৬০